

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০৭

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ অল্পে তুষ্টি, চাওয়া হতে দূরে থাকা এবং মিতাচারিতা ও মিতব্যয়িতার মাহাত্ম্য এবং অপ্রয়োজনে চাওয়ার নিন্দাবাদ

আববী

وَعَنْ أَبِيْ عَبدِ الرَّحمَانِ عَوف بنِ مَالِكِ الأَشْجَعِيِّ قَالَ: كُنَّا عَندَ رَسُولِ اللهِ عَلَيْ تِسْعَةً أَوْ سَبْعَةً فَقَالَ أَلاَ تُبَايِعُونَ رَسُولَ اللهِ عَلَيْ وَكُنَّا حَدِيثِي عَهْدِ بِبَيْعَةٍ فَقُلْنَا: قَدْ بَايَعَناكَ بَايَعَناكَ يَا رَسُولَ اللهِ تَمْ قَالَ أَلا تُبَايِعُونَ رَسُولَ اللهِ فَبَسَطْنَا أَيْدِينَا وَقُلْنَا: قَدْ بَايَعَناكَ فَعَلامَ نُبَايِعُكَ ؟ قَالَ عَلَى أَنْ تَعْبُدُوا اللهَ وَلاَ تُشْرِكُوا بِهِ شَيْئًا وَالصَّلُواتِ الخَمْسِ وَتُطِيعُوا اللهَ وَأَسَرَّ كَلِمَةً خَفِيفَةً وَلاَ تَسْأَلُوا النَّاسَ شَيْئًا فَلَقَدْ رَأَيْتُ بَعْضَ أُولئِكَ النَّفرِ يَسْقُطُ سَوطُ أَحَدِهِمْ فَمَا يَسأَلُ أَحَداً يُنَاوِلُهُ إِيّاهُ رواه مسلم

বাংলা

(৩০৭) আবূ আব্দুর রহমান আওফ ইবনে মালিক আশজাঈ (রাঃ) বলেন, একদা আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট ৯ জন অথবা ৮ জন অথবা ৭ জন লোক ছিলাম। তিনি বললেন, তোমরা আল্লাহর রসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বায়আত করবে না? (হাদীসের বর্ণনাকারী বলেন) অথচ আমরা কিছু সময় পূর্বেই তাঁর সাথে বায়আত ক'রে ফেলেছি। সুতরাং আমরা বললাম, হে আল্লাহর রসূল! আমরা তো আপনার সাথে বায়আত করে ফেলেছি। পুনরায় তিনি বললেন, তোমরা কি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বায়আত করবে না? সুতরাং আমরা নিজেদের হাতগুলো বিস্তার করলাম এবং বললাম, হে আল্লাহর রসূল! আমরা আপনার সাথে বায়আত করেছি। সুতরাং এখন কোন্ কথার উপর আপনার সাথে বায়আত করব?

তিনি বললেন, এ কথার উপর যে, তোমরা এক আল্লাহর উপাসনা করবে এবং তাঁর সাথে কোন কিছুকে শরীক করবে না, পাঁচ ওয়াক্তের নামায পড়বে এবং আল্লাহর আনুগত্য করবে। আর একটি কথা তিনি চুপিসারে বললেন, তোমরা লোকদের নিকট কোন কিছু চাইবে না। অতঃপর আমি (বায়আত গ্রহণকারীদের) মধ্যে কিছু লোককে দেখছি যে, তাঁদের মধ্যে কারো চাবুক যদি যমীনে পড়ে যেত, তাহলে তিনি কাউকে তা উঠিয়ে দিতে বলতেন না। (বরং স্বয়ং সওয়ারী থেকে নেমে তা উঠিয়ে নিতেন।)



ফুটনোট

(মুসলিম ২৪৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন